

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং-১১২-বিচার-৩/২এম-০৪/২০০৮


তারিখঃ ১২ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ।
২৪ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ।

বিষয় : ভোলার চরফ্যাশন ও মনপুরা উপজেলার ভৌগলিক অধিক্ষেত্রের অধীন উদ্ধৃত হত্যা ও অস্ত্র মামলাসহ যাবতীয় ফৌজদারী ও দেওয়ানী মামলা (আপীল মামলাসহ) চরফ্যাশনে অবস্থিত অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতে প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ২০/০২/২০১৯ খ্রিঃ তারিখের ১ই-২১/২০০০ (অংশ-১) ১৭২৬ জে, নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ভোলার চরফ্যাশন ও মনপুরা উপজেলার ভৌগলিক অধিক্ষেত্রের অধীন উদ্ধৃত হত্যা ও অস্ত্র মামলাসহ যাবতীয় ফৌজদারী ও দেওয়ানী মামলা (আপীল মামলাসহ) চরফ্যাশনে অবস্থিত অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

২। অত্র বিভাগের ২৪/১০/২০১৮ খ্রিঃ তারিখের ৬৮১-বিচার-৩/২এম-০৪/২০০৮ নং স্মারকটি এতদ্বারা বাতিল করা হলো।


(মোঃ নুরুল আলম সিদ্দীক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১

জেলা ও দায়রা জজ
ভোলা।

জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। অতিরিক্ত জেলা ও দায়রা জজ, চরফ্যাশন, ভোলা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৪, আইন ও বিচার বিভাগ।
- ৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।